দৈনিক বাংলা

তারিখ ... 14 JAN 1986 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 8 ...

# আজ ঢাকার বালক বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ মঙ্গলবার রাজধানী ঢাকার মাধ্যমিক বালক বিদ্যালয়গুলিতে ভর্তি পরীক্ষা নেয়া হচ্ছে। সরকারী ও বেসরকারী বালক স্কুলগুলিতে একই দিন পরীক্ষা অনুষ্ঠানের কথা থাকলেও কিছু কিছু বেসরকারী স্কুলে এর মধ্যেই ভর্তি পরীক্ষা হয়ে গেছে।

ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে এবার তৃতীয় ও ষষ্ঠ শ্রেণীতে ভর্তি পরীক্ষা হচ্ছে। প্রাথমিক শাখার কোন কোন শ্রেণীর পরীক্ষা সকাল দশটা থেকে দুপুর বারোটা এবং মাধ্যমিক শাখার শ্রেণীর পরীক্ষা সকাল দশটা থেকে বেলা একটা পর্যন্ত অনুষ্ঠিত হবে। এই স্কুলে তৃতীয় শ্রেণীর

শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ

ভর্তি পরীক্ষা

(১ম পৃঃ পর)

৮০টি আসনে তিন শ' ৭৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করা হবে ৪০ জন ছাত্র। ৩২০ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় বসছে।

রাজধানীর অন্যতম ভালো স্কুল সরকারী ল্যাবরেটরী হাই স্কুলের ষষ্ঠ শ্রেণীর একটি সেকশনে ভর্তি করা হবে ৪০ জন ছাত্র। এই ৪০টি সীটের জন্যে আবেদনকারীর সংখ্যা মোট তিন শ' ৭৪।

সন্তানের ভর্তি সমস্যা নিয়ে অভিভাবক মহল উদ্বেগ ও দুশ্চিন্তায় দিন কাটাচ্ছেন। একটি স্কুলের প্রধান শিক্ষক ভর্তি সমস্যা প্রসঙ্গে মন্তব্য করেন যে একটি ভালো স্কুলে একজন ছাত্র বা ছাত্রী ভর্তি করা চাকুরি পাওয়ার চেয়েও কঠিন। ক্রমবর্ধমান ভর্তি সংকটের সমাধানের জন্যে কার্যকর উদ্যোগ গ্রহণের ওপর অভিভাবক মহল গুরুত্ব আরোপ করেছেন।